



## যমুনা অয়েল কোম্পানী লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের একটি অঙ্গ প্রতিষ্ঠান)

আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম

স্মারক নং: ২৮.২৪.০০০০.০০৫.১৮.০০২.২৬-৪৬৫

তারিখ: ১৯-০২-২০২৬

### অফিস বিজ্ঞপ্তি

বিষয়: ডিজিটাল (Attendance Device) হাজিরা মেশিনে স্থায়ী কর্মকর্তা, কর্মচারী (গ্রুপ-২) ও শ্রমিক (গ্রুপ-১) এর হাজিরা প্রদান প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট প্রধান কার্যালয় চট্টগ্রাম, চট্টগ্রাম বিভাগীয় অফিস ও চট্টগ্রাম টার্মিনাল অফিসের সকল স্থায়ী কর্মকর্তা, কর্মচারী (গ্রুপ-২) ও শ্রমিকদের (গ্রুপ-১) অবহিত করা যাচ্ছে যে, অফিসের দৈনন্দিন উপস্থিতি সঠিকভাবে সংরক্ষণ ও ব্যবস্থাপনার লক্ষ্যে এবং পে-রোল মডিউলে ডাটাবেজের সুবিধার্থে ডিজিটাল হাজিরা মেশিন স্থাপন করা হয়েছে। প্রতিদিন অফিসে প্রবেশের সময় এবং অফিস ত্যাগের সময় অবশ্যই ডিজিটাল মেশিনে হাজিরা প্রদান করতে হবে। নির্ধারিত অফিস সময়ের মধ্যে হাজিরা প্রদান করতে হবে এবং দেরিতে হাজিরা প্রদান করলে তা বিলম্ব হিসেবে গণ্য হবে। ডিজিটাল মেশিনে হাজিরা প্রদানের সময় সমস্যা হলে আইটি বিভাগকে জানানোর জন্য অনুরোধ করা হলো। আপামী ০১-০৩-২০২৬ তারিখ থেকে ডিজিটাল হাজিরা মেশিনে হাজিরা প্রদান বাধ্যতামূলক করা হলো।

উল্লেখ্য, দাপ্তরিক কাজে নির্ধারিত অফিস সময়ের পরে কোন কর্মকর্তা, কর্মচারী (গ্রুপ-২) ও শ্রমিক (গ্রুপ-১) অফিসে আগমন অথবা অফিস সময়ের আগে প্রস্থান করিলে অবশ্যই যার যার বিভাগের প্রধানের মাধ্যমে নির্দিষ্ট ফরম পূরণ করে মানব সম্পদ বিভাগে জমা দিতে হবে।

(মোহাম্মদ হাসান ইমাম)

উপ-মহাব্যবস্থাপক (মানব সম্পদ) অ: দা:

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) ব্যবস্থাপনা পরিচালক, জেওসিএল - সদয় অবগতির জন্য।
- ২) মহাব্যবস্থাপক (মানব সম্পদ/ কোম্পানি সচিব/ বিপণন), জেওসিএল, চট্টগ্রাম।
- ৩) উপ-মহাব্যবস্থাপক (প্রধান চিকিৎসা কর্মকর্তা/ বিক্রয়/ পরিকল্পনা ও উন্নয়ন/ মানব সম্পদ, অ: দা:/ পরিচালন/ এমআইএস এন্ড আইটি, অ: দা:/ নিরীক্ষা/ অর্থ, চ: দা:/ হিসাব অ: দা:/ ডিএলও, অ: দা:), জেওসিএল, চট্টগ্রাম।
- ৪) সহকারী মহাব্যবস্থাপক (প্রধান স্থাপনা) চ: দা:, চট্টগ্রাম টার্মিনাল অফিস, জেওসিএল।
- ৫) ব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ) ও প্রকল্প পরিচালক, জেওসিএল, চট্টগ্রাম।
- ৬) এমআইএস এন্ড আইটি বিভাগ: কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের জন্য।
- ৭) নোটিশ বোর্ড/ অফিস কপি।

যমুনা অয়েল কোম্পানী লিমিটেড  
যমুনা ভবন, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম  
আগাম প্রস্থান ফর্ম

তারিখ	
আবেদনকারীর নাম	
পি.এফ নম্বর	
পদবী	
বিভাগ	
কারণ	
বাহির হওয়ার সময়	

আবেদনকারীর স্বাক্ষর

অনুমোদনকারীর স্বাক্ষর

যমুনা অয়েল কোম্পানী লিমিটেড  
যমুনা ভবন, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম  
উপস্থিতি ফর্ম (আউটডোর ডিউটির প্রবেশ ও বাহির সময়ের বিবরণ)

তারিখ	
আবেদনকারীর নাম	
পি.এফ নম্বর	
পদবী	
বিভাগ	
কারণ	
প্রবেশ সময়	

আবেদনকারীর স্বাক্ষর

অনুমোদনকারীর স্বাক্ষর